গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
প্রকল্প পরিচালকের কার্যালয়
নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন (১ম সংশোধিত) প্রকল্প
৭৯/২ কাকরাইল, রমনা, ঢাকা-১০০০
E-mail:smdp.dme@gmail.com

স্মারক নং-মাশিঅ/নিমাউ/পিআইসি (PIC)/২০১৯-৪৪১ তারিখ : ২৭/১২/২০২২ খ্রিঃ

**বিষয় : 'নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্পের পিআইসি (৭ম) সভার কার্যবিবরণী ।**

**সভাপতি :** জনাব কে, এম, রুহুল আমীন, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা ।

**সভার স্থান** : মহাপরিচালক মহোদয়ের অফিসকক্ষ, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
গাইড হাউস (৭ম তলা), নিউ বেইলী রোড, রমনা, ঢাকা-১০০০।

**তারিখ ও সময়** : ২৬/১২/২০২২ তারিখ সোমবার, বিকাল ৩.০০ ঘটিকা।

**জুমে অংশগ্রহণকারী এবং সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-ক ।**

<u>আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত</u>

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন । অত:পর প্রকল্প পরিচালক জনাব মো: দীন ইসলাম (যগ্মসচিব) সভার আলোচ্য বিষয় উপস্থাপন করার জন্য অনুরোধ জানান । এ পর্যায়ে প্রকল্প পরিচালক পিআইসি সভায় উপস্থিত এবং জুমে অংশগ্রহণকারী কর্মকর্তাগণকে ধন্যবাদ জানিয়ে সভার আলোচ্য সূচি উপস্থাপন করেন । আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত বিষয়গুলো আলোচনা ও সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র:নং- | আলোচ্য সূচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | বিগত সভার কার্যবিবরণী অনুমোদন/দৃঢ়ীকরণ। | প্রকল্প পরিচালক বিগত পিআইসি সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। এ পর্যায়ে সভাপতি মহোদয় বিগত সভার সিদ্ধান্তের ওপর কোনো সংশোধনী/মতামত আছে কিনা জানতে চান। কোনো সংশোধনী না থাকলে কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা যেতে পারে। | ১. বিগত সভার কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হলো। | (ক) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর,<br>(খ) প্রকল্প পরিচালক<br>(গ) শিক্ষা প্রকৌশল অধিদপ্তর |
| ২. | প্রকল্পের সর্বশেষ বাস্তবায়ন অগ্রগতি নিয়ে পর্যালোচনা (নভেম্বর/২০২২ তারিখ পর্যন্ত)। | প্রকল্প পরিচালক প্রকল্পের সর্বশেষ বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন।<br>অগ্রগতি :<br>❖ <u>**প্রকল্প সংক্রান্ত তথ্য :**</u><br>১. প্রকল্পের নাম : 'নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্প।<br>২. বাস্তবায়নকারী মন্ত্রণালয়ের নাম : কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।<br>৩. প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা : **মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।**<br>৪. প্রকল্প বাস্তবায়ন সহযোগী সংস্থা : শিক্ষা প্রকৌশল অধিদপ্তর।<br>৫. প্রকল্পের মেয়াদ কাল : **মূল :** | ১। প্রকল্পের মাঠ পর্যায়ে মনিটরিং জোরদার করতে হবে। টেন্ডার সিডিউল এবং ড্রয়িং অনুযায়ী নির্মাণ কাজ নিশ্চিত করতে হবে।<br>২। দ্রুত আসবাবপত্র সরবরাহের জন্য টেন্ডার আহবান করতে হবে। | ক) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর,<br>(খ) শিক্ষা প্রকৌশল অধিদপ্তর<br>(গ) প্রকল্প পরিচালক |

জুলাই/২০১৮- জুন/২০২৪ পর্যন্ত।

৬. সংশোধিত প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় : ৬৩১৪০৪.২৬ লক্ষ টাকা।
৭. প্রকল্পের আওতায় মাদ্রাসার সংখ্যা : ১৮০০টি (৩০০ সংসদীয় আসন)।
৮. সংশোধিত প্রকল্প দলিলে অন্তর্ভুক্ত মাদ্রাসার সংখ্যা : ১৭৫৭টি।
৯. ২০২২-২৩ অর্থ বছরে এডিপিতে প্রাপ্ত বরাদ্দ : ৯৫২৯০.০০ লক্ষ টাকা।
১০. ২০২২-২৩ অর্থ বছরে **নভেম্বর**/২০২২ পর্যন্ত মোট ব্যয়িত অর্থ: ৩৪৫৮৫.৫৭১ লক্ষ টাকা (৩৬.৩০%)।
১১. প্রকল্পের **নভেম্বর**/২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ২৯২৭৪৮.৫১ লক্ষ টাকা (৪৬.৩৭%)।

❖ **নির্মাণ সংক্রান্ত তথ্য (ইইডি) :**

১. **নভেম্বর**/২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত বাস্তব অগ্রগতি (পূর্ত) : ৬০%(গড়)।
২. মাঠ পর্যায়ে দরপত্র আহবান : ১৬৯৫টি।
৩. মাঠ পর্যায়ে কার্যাদেশ প্রদান: ১৬৩৫টি।
৪. মাঠ পর্যায়ে কার্যাদেশ দেয়া হয়েছে কিন্তু কাজ শুরু হয়নি এমন প্রতিষ্ঠানের সংখ্যা : ৮০টি (০%)।
৫. মাঠ পর্যায়ে নির্মাণ কাজ শুরু : ১৫৫৫টি। তন্মধ্যে:
   ক) ভবন নির্মাণ কাজ ১০০% সম্পন্ন হয়েছে এমন প্রতিষ্ঠানের সংখ্যা: ৩৩২টি।
   খ) ভবন নির্মাণ কাজ ৭৬%-৯৯% কাজ সম্পন্ন হয়েছে এমন প্রতিষ্ঠানের সংখ্যা: ৪৬৯টি।
   গ) ভবন নির্মাণ কাজ ৫১%-৭৫% কাজ সম্পন্ন হয়েছে এমন প্রতিষ্ঠানের সংখ্যা: ৩২৯টি।
   ঘ) ভবন নির্মাণ কাজ ২৬%-৫০% সম্পন্ন হয়েছে এমন প্রতিষ্ঠানের সংখ্যা: ২৪৮টি।
   ঙ) ভবন নির্মাণ কাজ ১%-২৫% সম্পন্ন হয়েছে এমন প্রতিষ্ঠানের সংখ্যা: ১৭৭টি।

❖ **আসবাবপত্র সংক্রান্ত তথ্য :**

ইতোমধ্যে একটি প্যাকেজের আওতায় ৭১টি মাদ্রাসার আসবাবপত্র সরবরাহ সম্পন্ন হয়েছে (অগ্রগতি ৩.৯৪%) । পরবর্তী প্যাকেজে ২০০

| | | | | |
|---|---|---|---|---|
| | | মাদ্রাসার আসবাবপত্র সরবরাহের জন্য দরপত্র আহবান প্রক্রিয়াধীন রয়েছে।<br>❖ **শিক্ষক প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য (১০ দিন ব্যাপী প্রশিক্ষণ) :**<br>৩৫টি ব্যাচে ১,০১৫ জন শিক্ষকের বিষয়ভিত্তিক প্রশিক্ষণ শেষ হয়েছে **(অগ্রগতি ১১.২৮%)**।<br>এ পর্যায়ে সভাপতি বলেন নির্মাণ কাজ শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক সম্পাদিত হচ্ছে। মাঠ পর্যায়ে নির্মাণ কাজ সিডিউল এবং ড্রয়িং অনুযায়ী যথাযথ ভাবে হচ্ছে কিনা তা নিয়মিত মনিটরিং এর মাধ্যমে নিশ্চিত করতে প্রকল্প পরিচালককে পরামর্শ দেন। এছাড়া অফ-গ্রিড সোলার প্যানেল স্থাপন এবং চার তলার ছাদে পানির ট্যাংকের নিচে পানি নিস্কাশন স্লোপ যথাযথভাবে নির্মাণ করার ব্যাপারে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরকে নির্দেশ দেন। এ প্রসংগে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী জনাব মীর মুয়াজ্জেম হুসেন বলেন এ বিষয়ে সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলীগণকে ইতোমধ্যে নির্দেশনা প্রদান করা হয়েছে। তিনি চলতি অর্থ বছরে গত অর্থ বছরের ন্যায় অন্যান্য প্রকল্পের অব্যয়িত অর্থ এ প্রকল্পে বরাদ্দ দেয়ার ব্যবস্থা নিতে অনুরোধ জানান। সভাপতি মহোদয় প্রকল্পের অন্য দুইটি কম্পোনেন্ট এর সর্বশেষ অগ্রগতির বিষয়ে আরো তৎপর হওয়ারর জন্য প্রকল্প পরিচালক কে নির্দেশনা দেন। তিনি বলেন ইতোমধ্যে প্রায় তিনশত মাদ্রাসায় কাজ সম্পন্ন হয়েছে। সুতরাং দ্রুত আসবাবপত্র দেয়ার বিষয়ে দরপত্র আহবান করা জন্য প্রকল্প পরিচালককে নির্দেশনা দেন। এছাড়াও শিক্ষক প্রশিক্ষণের উদ্বোধনী বা সমাপনী অনুষ্ঠানে মাননীয় শিক্ষামন্ত্রী এবং শিক্ষা উপমন্ত্রী মহোদয়কে আমন্ত্রণ জানানোর বিষয়ে যথাযথভাবে যোগাযোগ করতে না পারার কারণে সভাপতি মহোদয় উষ্মা প্রকাশ করেন। এ বিষয়ে প্রকল্প পরিচালক বলেন, মাননীয় উপমন্ত্রীর পিএস এর সঙ্গে যোগাযোগ করা হলেও সিডিউল পাওয়া য়ায় নি। ভবিষ্যতে পুনরায় প্রচেষ্টা গ্রহণ করা হবে। | | |
| ৩. | ২০২২-২৩ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা উপস্থাপন সংক্রান্ত। | প্রকল্প পরিচালক বলেন ২০২২-২৩ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা পিআইসি ও পিএসসি সভায় উপস্থাপনের শর্তে অনুমোদন করা হয়। সুতরাং ২০২২-২৩ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা সভায় উপস্থাপন করা হলো। | ২০২২-২৩ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা সভায় উপস্থাপিত হলো। | (ক) প্রকল্প পরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | আসবাবপত্র ক্রয় ও সরবরাহের সর্বশেষ অগ্রগতি পর্যালোচনা। | প্রকল্প পরিচালক জানান, পূর্বে একটি প্যাকেজের ০৩টি লটের আওতায় কার্যাদেশ প্রদানকৃত ৭১টি প্রতিষ্ঠানের আসবাবপত্র সরবরাহ সম্পন্ন হয়েছে। বর্তমানে ২০০টি মাদ্রাসার জন্য দরপত্র আহবান প্রক্রিয়াধীন রয়েছে। সভাপতি মহোদয় বলেন ইতোমধ্যে তিনশত মাদ্রাসার নির্মাণ কাজ শেষ হয়েছে। সুতরাং দ্রুত আসবাবপত্র সরবরাহের জন্য দরপত্র আহবান করতে হবে। | দ্রুত আসবাবপত্র সরবরাহের জন্য দরপত্র আহবান করা হবে। | (ক) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,<br>(খ) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর,<br>(গ) প্রকল্প পরিচালক |
| ৫. | শিক্ষক প্রশিক্ষণ বিষয়ে সর্বশেষ অগ্রগতি পর্যালোচনা। | প্রকল্পভুক্ত ১৮০০ মাদ্রাসার ৯হাজার শিক্ষকের প্রশিক্ষণের জন্য আরডিপিপি'তে সংস্থান রয়েছে। এর মধ্যে পাইলটিং পর্যায়ে ০৪টি বিষয়ে ৩৫টি ব্যাচে ১,০১৫ জন শিক্ষকের প্রশিক্ষণ শেষ হয়েছে। সভাপতি মহোদয় শিক্ষক প্রশিক্ষণের উদ্বোধনী বা সমাপনী অনুষ্ঠানে মাননীয় শিক্ষামন্ত্রী এবং শিক্ষা উপমন্ত্রী মহোদয়কে আমন্ত্রণ জানানোর কার্যকর পদক্ষেপ নেয়ার জন্য পরামর্শ দেন। তিনি আরো বলেন এতে প্রকল্প কার্যক্রম সম্পর্কে মাননীয় মন্ত্রীগণ জানতে পারবেন এবং উর্দ্ধতন কর্তৃপক্ষের নজরে আসবে। | শিক্ষক প্রশিক্ষণের উদ্বোধন অথবা সমাপনী অনুষ্ঠানে মাননীয় মন্ত্রী বা উপমন্ত্রী মহোদয়কে আমন্ত্রণ জানাতে হবে। | (ক) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর,<br>(খ) প্রকল্প পরিচালক। |
| ৬. | নতুনভাবে আরো ০১টি মাদ্রাসার রীট মামলা সংক্রান্ত। | সভাপতি মহোদয় রীট মামলার বিষয়ে যথাযথ আইনী পদক্ষেপ নিতে অধিদপ্তরের সংশ্লিষ্ট আইনজীবীর সঙ্গে যোগাযোগ রাখতে হবে। রীট মামলার রায় যাতে সরকারের পক্ষে আসে সে ব্যাপারে যথাযথ ভাবে তথ্য-উপাত্ত দিয়ে আইনজীবীকে সহায়তা করতে হবে। এ বিষয়ে উপপ্রকল্প পরিচালক বলেন, ইতোমধ্যে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আইন শাখা হতে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার জন্য পত্র দেয়া হয়েছে। এছাড়া প্রকল্প থেকে যোগাযোগ রাখা হচ্ছে। | রীট মামলার বিষয়ে মামলার রায় যাতে সরকারের পক্ষে হয় সে বিষয়ে তথ্য-উপাত্ত দিয়ে আইনজীবীকে সহায়তা দিতে হবে। | (ক) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর,<br>(খ) প্রকল্প পরিচালক। |
| ৭. | বিবিধ :<br>মোহাম্মাদপুর দাখিল মাদ্রাসা, সোনারগাঁও, নারায়ণগঞ্জ এর স্থান পরিবর্তণ পূর্বক ভবন নির্মাণ সংক্রান্ত। | উপপ্রকল্প পরিচালক বলেন, মোহাম্মাদপুর দাখিল মাদ্রাসা, সোনারগাঁও, নারায়ণগঞ্জ-৩ মাদ্রাসাটি প্রকল্পভুক্ত রয়েছে। মাদ্রাসার বর্তমান অবস্থানের পাশ দিয়ে একটি খাল প্রবাহমান রয়েছে। ফলে এ খালের পার্শ্বে ০৪ তলা ভবন নির্মাণ ঝুকিপূর্ণ বিধায় এখানে টেন্ডার করা সম্ভব হচ্ছে না। এ অবস্থায় মাদ্রাসা কর্তৃপক্ষ খালের অপর পার্শ্বে মাদ্রাসার অন্য নির্ধারিত জমিতে ভবন নির্মাণে আগ্রহী। এমতাবস্থায় নতুন জমিতে মাদ্রাসা ভবন নির্মাণ করতে হলে মাদ্রাসাটি স্থানান্তরের জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন প্রয়োজন। এ প্রসঙ্গে সভাপতি মহোদয় মাদ্রাসা বোর্ডের চেয়ারম্যানকে পত্র দিতে পরামর্শ দেন। | এ বিষয়ে মাদ্রাসা বোর্ডের চেয়ারম্যানকে পত্র দেয়া যেতে পারে অথবা কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগকে মাননীয় সংসদ সদস্যের ডিও পত্রসহ পত্র দেয়া যেতে পারে। | (ক) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,<br>(খ) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর,<br>(গ) প্রকল্প পরিচালক<br>(ঘ) শিক্ষা প্রকৌশল অধিদপ্তর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অথবা কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগকে মাননীয় সংসদ সদস্যের ডিও পত্রসহ পত্র দেয়া যেতে পারে। | | |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

২৭/১২/২২

(কে, এম, রুহুল আমীন)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
ও
সভাপতি প্রকল্প বাস্তবায়ন কমিটি

স্মারক নং-মাশিঅ/নিমাউ/পিআইসি (PIC)/২০১৯-৪৪১(১৮) তারিখ : ২৭/১২/২০২২ খ্রিঃ

<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কাযার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u> :

১. সচিব,অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
২. সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন ।
৩. সচিব, আইএমইডি (IMED)।
৪. উপ-প্রকল্প পরিচালক, নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
৫. বিভাগ প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন।
৬. বিভাগ প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন।
৭. যুগ্ম সচিব, NEC-ECNEC & Coordination Wing, পরিকল্পনা বিভাগ।
৮. যুগ্ম সচিব (পরিকল্পনা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ ,শিক্ষা মন্ত্রণালয় ।
৯. যুগ্ম সচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ।
১০. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা **(সংশ্লিষ্ট)**।
১১. পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
১২. উপ-সচিব (পরিকল্পনা/উন্নয়ন) ,কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ ,শিক্ষা মন্ত্রণালয় ।
১৩. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (পরিকল্পনা/উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, পরিবহন পুল ভবন, ঢাকা।
১৪. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব,কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. উপ-পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ।
১৬. নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা **(সংশ্লিষ্ট)**।
১৭. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর । **(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)**
১৮. সহকারী প্রকল্প পরিচালক (অর্থ ও প্রশাসন), নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
১৯. সংশ্লিষ্ট নথি।

(অধ্যাপক মো: নুরুজ্জামান মল্লিক)
উপ-প্রকল্প পরিচালক
ফোন : ০২- ৫৮৩১৪২০৪